মেহেরপুরে হেরোইনসহ ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে জেলা গোয়েন্দা পুলিশের অভিযানে ৫ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। মঙ্গলবার বিকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার যাদবপুর কবরস্থানের সামনে থেকে তাদের আটক করা হয়। একই সাথে ১ মোটরসাইকেল ও ২টি মোবাইল ফোন জব্দ করেছে ডিবি পুলিশ।

আটককৃতরা হলো যাদবপুর গ্রামের আবু বক্কর এর ছেলে আমিনুল ইসলাম ও একই গ্রামের গোলাম হোসেনের ছেলে আশান আলী। এর আমিনুল ইসলাম এর নামে আরও একটি মাদক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, জেলা গোয়েন্দা পুলিশের অব্যাহত অভিযানে আরও দুই মাদক ব্যবসায়ীকে হেরোইনসহ আটক করা হয়েছে। আটককৃতদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় কৃষকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর ট্রেনের ধাক্কায় বুলু মিয়া (৪০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার সকালে উপজেলার বলুহর বটতলা রেল গেইটে এ দুর্ঘটনা ঘটে। মৃত বুলু মিয়া বলুহর গ্রামের ঢালী পাড়ার মৃত নৈয়ম উদ্দিন ঢালীর ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলম জানান, সকালে নিজ বাড়ি থেকে বাই সাইকেল যোগে মাঠে যাচ্ছিলেন বুলু মিয়া।

এসময় রেল লাইন পার হতে যেয়ে ঢাকা থেকে বেনাপোলগামী বেনাপোল

এক্সপ্রেস ডাউন ট্রেনটি বুলু মিয়াকে সজোরে ধাক্কা দেয়। এতে সে গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে নেয়। অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক আফসানা জান্নাত যশোর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠালে পথিমধ্যে তার মৃত্যু হয়।

খুলবে প্রাথমিক বিদ্যালয়, মানতে হবে ৫০টির বেশি নির্দেশনা

সরকারি প্রাথমিক বিদ্যালয় খোলার প্রস্তুতি শুরুর নির্দেশনা দেওয়া হয়েছে। বিদ্যালয় খুলতে স্বাস্থ্যবিধি বাস্তবায়নের নির্দেশনা দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। আজ মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব শামীম আরা নাজনীন স্বাক্ষরিত এ সংক্রান্ত একটি নির্দেশনা জারি করা হয়েছে।

নির্দেশনায় বলা হয়েছে, কভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। বিদ্যালয় পুনরায় চালুর আগে অনুমোদিত নির্দেশিকার আলোকে প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। এ অবস্থায় কভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর নির্দেশিকা স্কুল পর্যায়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে।

একই সঙ্গে প্রস্তুতি প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রণালয়ের সব পদক্ষেপ পোস্টার, লিফলেট তৈরি করে অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে বলা হয়েছে। এর একটি খসড়াসহ উপস্থাপন করতে অনুরোধ জানানো হয়েছে।

জানা গেছে, শিক্ষার্থীদের সুরক্ষা নিশ্চিতে বিদ্যালয় খোলার আগে

স্বাস্থ্য নিরাপত্তামূলক এমন ৫০টির বেশি নির্দেশনা জারি করবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এসব নির্দেশনা মেনে পাঠদান কার্যক্রম পরিচালিত হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

সূত্র-কালের কণ্ঠ

গাংনীতে ইজি বাইক থেকে পড়ে প্রতিবন্ধী কিশোরীর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে ইজি বাইকে উঠতে গিয়ে সড়কে ছিটকে পড়ে হানুফা খাতুন (১২) নামের বকে প্রতিবন্ধী কিশোরীর মুত্যু হয়েছে। মঙ্গলবার দুপুরে গাংনী বাজারের দারুচ্ছালাম জামে মসজিদের সামনে মর্মান্তিক এ ঘটনা ঘটে। নিহত হানুফা উপজেলার কসবা গ্রামের আব্দুল হান্নান ওরফে হানার মেয়ে।
জানা গেছে, প্রতিবন্ধী হানুফা তার মায়ের সাথে গাংনীর শিশিরপাড়া থেকে বাড়ি যাবার জন্য একটি ইজি বাইকে উঠতে গিয়ে পা ফসকে রাস্তায় পড়ে যায়। স্থানীয় লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

বাজেট অনুযায়ী মূল্য বৃদ্ধি হয়নি কোন জর্দার -গবেষণা

[redacted]

[redacted] [redacted] [redacted] [

ভোক্তাদের ব্যবহারেও প্রভাব ফেলতে পারতো।

বাজেট অনুযায়ী ৫ গ্রাম জর্দ্দার মূল্য ২০ টাকা হওয়ার কথা থাকলেও বাজারে প্রাপ্ত এসকল জর্দ্দার মূল্য ছিল ৩ টাকা থেকে ১৬ টাকা। পাশাপাশি বাজেট অনুযায়ী ১০ গ্রাম জর্দ্দার মূল্য ৪০ টাকা হওয়ার কথা থাকলেও বাজার ঘুরে দেখা যায় অধিকাংশ ১০ গ্রাম জর্দ্দা বিক্রয় করা হচ্ছে ৮ টাকা থেকে ২০ টাকায়। একই চিত্র প্রায় সকল জর্দ্দার ক্ষেত্রেই। ফলে বাজেটে ধোঁয়াবিহীন তামাকের মূল্য বৃদ্ধি করা হলেও বাস্তবে তা মানা হচ্ছে না। এর প্রধান কারণ ধোঁয়াবিহীন তামাকের সঠিক মনিটরিং ব্যবস্থা না থাকা বলেও গবেষণায় উঠে এসেছে।

গবেষণা প্রতিবেদনে পরিস্থিতির উন্নয়নে বেশকিছু সুপারিশ করা হয়েছে। সুপারিশগুলো হলো: ধোঁয়াবিহীন তামাকপণ্যের রাজস্ব বৃদ্ধি এবং রাজস্ব আদায়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করা; সঠিক মনিটরিং এর জন্য ধোঁয়াবিহীন তামাকপণ্যকে স্ট্যান্ডার্ড প্যাকেজিং-এর আওতায় আনা; রাজস্ব ফাঁকি রোধে প্রতিটি ধোঁয়াবিহীন তামাকপণ্য বারকোড পদ্ধতিতে কর আদায়ের ব্যবস্থা গ্রহণ করা; ধোঁয়াবিহীন তামাকপণ্যের সর্বনিন্ম ওজন ও সর্বনিন্ম মূল্য নির্ধারণ করে দেওয়া; নির্ধারিত মূল্যে পণ্য বিক্রয় করা না হলে কোম্পানির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া মনিটরিং ব্যবস্থা জোরদার করতে এবং সঠিক পদ্ধতিতে কর আদায় করতে প্রতিটি এলাকায় তামাকপণ্যের পরিবেশককে টার্গেট করে ছোট-বড় সকল তামাক কোম্পানিকে তালিকাভুক্ত করা; তালিকা অনুযায়ী অনিবন্ধিত তামাক কোম্পানিকে নিবন্ধনের জন্য নিদির্ষ্ট সময় বেঁধে দেওয়া এবং নিদির্ষ্ট সময় পরপর নিবন্ধন রি-ইস্যু বাধ্যতামূলক করা; নিদির্ষ্ট সময়ের মধ্যে যেসকল তামাক কোম্পানি নিবন্ধন না করবে তাদের পন্য ধ্বংস ও বাজেয়াপ্ত করা, সেই সাথে তাদেরকে অর্থদন্ড ও কারাদন্ডের মাধ্যমে শাস্তির ব্যবস্থা করা; নিবন্ধনে উল্লেখিত ব্র্যান্ড বাদে অন্য কোন ব্র্যান্ড বাজারে পেলে এবং নিবন্ধনে উল্লেখিত এলাকা বাদে অন্য এলাকায় ঐ পণ্য পেলে সেই পণ্য ধ্বংস ও বাজেয়াপ্ত করা, সেই সাথে তাদেরকে অর্থদন্ড ও কারাদন্ডের মাধ্যমে শাস্তির ব্যবস্থা করা, প্রয়োজনে কোম্পানির লাইসেন্স বাতিল করার সুপারিশ করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান ড. মো. নাসির উদ্দিন আহমেদ এর সভাপতিত্বে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন নাটাব এর নির্বাহী পরিচালক মো. কামাল উদ্দিন, অর্থনৈতিক গবেষণা ব্যুরো’র প্রকল্প সমন্বয়কারী অধ্যাপক ড. রুমানা হক, বাংলাদেশ তামাক

বিরোধী জোটের সমন্বয়কারী সাইফুদ্দিন আহমেদ, তামাক বিরোধী নারী জোটের সমন্বয়কারী ফরিদা আখতার, দি ইউনিয়নের কারিগরী পরামর্শক এড. সৈয়দ মাহবুবুল আলম প্রমূখ।

সংবাদ সম্মেলনে গবেষণা ফলাফল উপস্থাপন করেন টিসিআরসি’র প্রোগ্রাম ম্যানেজার ফারহানা জামান লিজা এবং সঞ্চালনা করেন টিসিআরসি’র সদস্য সচিব ও সহযোগী অধ্যাপক মো. বজলুর রহমান। মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, এইড বাংলাদেশের প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা অংশগ্রহণ করেন।

এইড ফাউন্ডেশন, বাংলাদেশ নেটওয়ার্ক ফর টোব্যাকো ট্রাক্স পলিসি, গ্রাম বাংলা উন্নয়ন কমিটি, জাতীয় যক্ষা নিরোধ সমিতি, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট ও টোব্যাকো কন্ট্রোল অ্যান্ড রিসার্চ সেল-ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি যৌথভাবে এ গবেষণা পরিচালনা করে।

গাংনীতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে সাক্ষরিত দিবস পালিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ এঁর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান ও উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

এ সময় দিবসটির তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন,গাংনী সরকারী ডিগ্রী কলেজের সমাজ কল্যাণ বিভাগের প্রভাষক নাসিরউদ্দিন, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রেজা। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

গাংনীতে সর্প দংশনে গৃহবধূর মৃত্যু

সর্প দংশনে গোলাপি খাতুন (৩৫) নামের এক নারীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার ভোরে চিকিৎসাধীন অবস্থায় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তার মৃত্যু হয়।

গোলাপি খাতুন মেহেরপুরের গাংনী থানাপাড়ার কৃষক হাফিজুর রহমানের স্ত্রী।

গোলাপির পারিবারিক সূত্রে জানা গেছে, নিজ ঘরের বিছানায় ঘুমন্ত অবস্থায় তার কোমরে সর্প দংশন করে। সাপ দেখতে না পাওয়ায় চিকিৎসার সিদ্ধান্ত নিয়ে দ্বিধায় পড়েন পরিবারের লোকজন। এক পর্যায়ে তার শারীরিক অবস্থা অবনতির দিকে গেলে ভোরের দিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: এম রিয়াজুল আলম বলেন, রোগীর শারীরিক অবস্থা বিবেচনায় সর্প দংশনের বিষয়টি মাথায় রেখে এন্টি ভেনম দেওয়ার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ডের সিদ্ধান্ত হয়। রেফার্ড প্রক্রিয়া করার মধ্যেই তার মৃত্যু হয়।

সামরিক অভিধান থেকে ‘মার্শাল ল’ শব্দটি বাদ দিন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘সামরিক অভিধান’ থেকে ‘মার্শাল ল’ শব্দটি বাদ দেয়ার আহ্বান জানিয়ে বলেছেন, এটা দেশ ও সশস্ত্র বাহিনীর কোনো কল্যাণ বয়ে আনতে পারে না।

এছাড়া পদোন্নতির ক্ষেত্রে যেন মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসীরা দায়িত্ব পায় সেদিকেও খেয়াল রাখতে বলেছেন প্রধানমন্ত্রী। সোমবার আর্মড ফোর্সেস সিলেকশন বোর্ড মিটিং ২০২০-এ তিনি এ কথা বলেন।

শেখ হাসিনা বলেন, ‘মার্শাল ল’ রক্তপাত ছাড়া দেশ ও সশস্ত্র বাহিনীর কোনো কল্যাণ বয়ে আনতে পারে না। তাই ‘সামরিক অভিধান’ থেকে আমাদের ‘মার্শাল ল’ শব্দটি বাদ দেয়া উচিত।

জিয়াউর রহমানের সামরিক শাসনামলের ১৯টি ক্যুর কথা উল্লেখ করে তিনি বলেন, ওই সময়ে বহু সামরিক কর্মকর্তা ও সৈনিককে হত্যা করা হয়।

তিনি বলেন, ‘সামরিক স্বৈরশাসক জিয়াউর রহমানের আমলে সশস্ত্র বাহিনীর এত বিপুলসংখ্যক কর্মকর্তা ও সৈন্যকে হত্যা করা হয়েছে যে যুদ্ধেও এত বিপুলসংখ্যক সৈন্য নিহত হয়নি। আমরা (সশস্ত্র বাহিনীতে) আর কোনো ছেলেহারা পিতা বা পিতাহারা ছেলের কান্না শুনতে চাই না।’

প্রধানমন্ত্রী এদিন সকালে তার সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়াল সভায় বক্তব্য দেন। তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট হত্যাকাণ্ডের পর একের পর এক ক্যুর কারণে সশস্ত্র বাহিনী সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়।

শেখ হাসিনা বলেন, এসব ক্যুর নামে আমাদের মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সশস্ত্র বাহিনীর অনেক সদস্যকে বর্বরোচিতভাবে হত্যা করা হয়।

তিনি বলেন, ‘সেনা ও বিমানবাহিনীতে সবচেয়ে বেশি রক্তপাত হয় এবং আমাদের বহু স্বামীহারা বিধবা ও পুত্রহারা মা-বাবার কান্না শুনতে হয়েছে।’ সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন ও একে সময়োপযোগী করে গড়ে তোলা তার সরকারের লক্ষ্য বলে প্রধানমন্ত্রী পুনর্ব্যক্ত করেন।

তিনি আরও বলেন, সশস্ত্র বাহিনীর সদস্যরা আমাদের পরিবারের সম্মানিত সদস্য। তারা আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতীক। এই বাহিনীকে আরও আধুনিক ও সময়োপযোগী হিসেবে গড়ে তোলা আমাদের লক্ষ্য এবং এই লক্ষ্যকে সামনে রেখে আমরা কাজ করে যাচ্ছি।’

এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী তার সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন। তার সরকার দেশের সুরক্ষা এবং কষ্টার্জিত স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সশস্ত্র বাহিনীকে আরও সুসজ্জিত

করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

প্রধানমন্ত্রী সশস্ত্র বাহিনীর সিনিয়র কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সবার মধ্যে যাতে আস্থা বৃদ্ধি পায়, সেজন্য ন্যায্যতার ভিত্তিতে পদোন্নতি দিন। আমি জানি, পোস্ট সীমিত বলে বহু লোক এর জন্য যোগ্য হিসেবে বিবেচিত হতে পারে।

তবু সবাইকে পদোন্নতি দেয়া সম্ভব হবে না। তা সত্ত্বেও যারা পদোন্নতির জন্য সত্যিকারের যোগ্য তাদেরই পদোন্নতি নিশ্চিত করা উচিত।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস ও দেশপ্রেমের পাশাপাশি বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও উন্নয়নে বিশ্বাসীদের দায়িত্ব প্রাপ্তি নিশ্চিত করুন, যাতে তারা আগামী দিনে দেশকে সঠিক দিকে নিয়ে যেতে পারে।

দেশের উন্নয়ন প্রসঙ্গে প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট সবাইকে কম প্রয়োজনীয় খরচ বাদ দিয়ে শুধু অতি জরুরি ব্যয় করতে অনুরোধ জানান।

তিনি বলেন, আমরা করোনাকালে শুধুমাত্র অতি প্রয়োজনীয় খাতে ব্যয় করব এবং কম গুরুত্বপূর্ণ খাতে কোনো খরচ করব না। আর এভাবেই আমরা আবার সুদিন ফিরিয়ে আনব।

প্রধানমন্ত্রী বলেন, করোনভাইরাস প্রাদুর্ভাবের ফলে রেমিটেন্স হ্রাস পাবে বলে অনেক মহলের আশঙ্কা সত্ত্বেও বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখন ৩৯.৪ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে।

তিনি বলেন, সরকার এ লক্ষ্যে প্রবাসীদের জন্য প্রণোদনা ঘোষণা করার কারণে দেশে পর্যাপ্ত পরিমাণ রেমিটেন্স রয়েছে।

এ সময় গণভবনে প্রধানমন্ত্রীর নিরাপত্তা উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক, মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস ও সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লে. জে. মাহফুজুর রহমান এবং প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম উপস্থিত ছিলেন।

চিফ অব নেভাল স্টাফ অ্যাডমিরাল মোহাম্মদ শাহীন ইকবাল নৌবাহিনীর সদর দফতর থেকে এবং চিফ অব এয়ার স্টাফ এয়ার চিফ মার্শাল মসিহুজ্জামান সেরনিয়াবাত বিমানবাহিনীর সদর দফতর থেকে অনুষ্ঠানে

গাংনীর ভাটপাড়া ডিসি ইকোপার্কে নীলগাছ কর্তনের অভিযোগ

গাংনীর ভাটপাড়া জেলা প্রশাসক ইকো-পার্কের ঐতিহাসিক নিদর্শন অর্ধশত নীলগাছ কর্তনের অভিযোগ উঠেছে ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানী(বিএটিবি)র এক ফিল্ড অফিসার রুহুল আমিনের বিরুদ্ধে। উপজেলা প্রশাসনের অনুমোতি নিয়ে নীল গাছ কর্তন করা হয়েছে বলে জানালেও উপজেলা প্রশাসন বলছেন আমাকে এ বিষয়ে জানানো হয়নি। তবে নীলগাছ কর্তনের বিষয়ে ক্ষোভ প্রকাশ করে দ্রত ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন এলাকাবাসী।

জানাগেছে, গাংনী উপজেলা ভাটপাড়া জেলা প্রশাসক (ডিসি) ইকোপার্কের নীলকুঠি সংলগ্ন ঔষধি বাগানে(হার্বাল গার্ডেন) দর্শনার্থীদের জন্য কালের নীরব সাক্ষী হিসেবে সংরক্ষিত রাখা হয়েছিল অর্ধশতাধিক নীলগাছ । বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিটিয়ে থাকা নীলগাছ পার্কের পরিচর্যাকারীরা তা দর্শনার্থীদের জন্য সংরক্ষণ করেন। দর্শনার্থীরাও এখানে এসে নীলগাছ দেখে মুগ্ধ হতেন। ইতিহাসে পড়া নীল গাছ বাস্তবে দেখার সুযোগ হয়ে উঠতো অনেকের।

সেই নীলগাছ গুলো পার্ক কর্তৃপক্ষের সাথে কোনো প্রকার অনুমোতি না নিয়েই কর্তন করেন বিএটিবি’র ফিল্ড অফিসার রুহুল আমিন। স্থানীদের অভিযোগ সংরক্ষণ করে রাখা গাছ গুলো ধ্বংস করে পার্কের ইতিহাস মুছে ফেলে কোম্পানীর অস্তিত্ব স্থাপন করতে চাইছেন বিএটিবি’র কর্মকর্তা কর্মচারীরা। এলকার বিভিন্ন মানুষ ঔষধি গাছ হিসেবেও ব্যবহার করতেন নীলগাছের সবুজ পাতা।

ইকোপার্কে কর্মরত আব্দুল্লাহ জানান, আমাদের নীলগাছ কর্তনের সময় আমরা বাঁধা দিয়ে ছিলাম আমাদের কথা তারা শোনেনি। হার্বাল গার্ডেন দেখাশোনার দায়িত্বে থাকা সোলাইমান হোসেন জানান, অনেক নীলগাছ

কর্তন করা হয়েছে। এতে হার্বাল গার্ডেনের সৌন্দর্য নষ্ট হওয়ার পাশাপাশি ইতিহাস ধ্বংস করা হয়েছে।

এ বিষয়ে বিএটিবি’র কর্মরত ফিল্ড অফিসার রুহুল আমিন জানান, উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলাপ আলোপ আলোচনার মাধ্যমেই নীলগাছ গুলো কর্তন করা হয়েছে। ইকোপার্ক ব্যবস্থাপনা ও দেখভালের দায়িত্বে নিয়োজিত প্রকল্পবাস্তবায় অফিস সূত্র জানিয়েছেন, আমাদের সাথে নীলগাছ কর্তনের বিষয়ে কোনো কথা হয়নি। আগাছা পরিষ্কারের বিষয়ে কথা হয়েছিল। তবে নীলগাছ গুলো কর্তন করা ঠিক হয়নি। আমরা অনেক কষ্ট করে গাছগুলো রক্ষণাবেক্ষণ করেছি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও ইকোপার্ক ব্যবস্থাপনা কমিটির সভাপতি আর এম সেলিম শাহনেওয়াজ জানান, কালের নীরব সাক্ষী নীলগাছ পর্যটকদের আকৃষ্ট করে। এবং নীল গাছ এ পার্কের প্রধান আকর্ষণ। নতুন প্রজন্মকে ইতিহাস থেকে বাস্তবে দেখানোর জন্য নীলগাছগুলো সংরক্ষণ করা হয়েছিল। এগুলো কর্তনের বিষয়ে আমি কিছুই জানিনা।

কুষ্টিয়ার দৌলতপুরে বজ্রপাতে ৪ জনের মৃত্যু

কুষ্টিয়ার দৌলতপুরে পৃথক পৃথক স্থানে বজ্রপাতে ৪ জন মারা গেছেন। আহত হয়েছেন এক গৃহবধূ।

সোমবার বিকালে উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের নাটনাপাড়া মাঠে বজ্রপাত ঘটে কামাল (২৫) ও মহিবুল (২৭) নামে দুই কৃষকের মৃত্যু হয়।

এরা নাটপাড়া গ্রামের আবুজেল ও নুরুর ছেলে। মাঠে কাজ করা অবস্থায় বৃষ্টিপাতের সাথে প্রচণ্ড শব্দে বজ্রপাত ঘটলে ঘটনাস্থলেই তারা মারা যান। পরে তাদের মৃতদেহ মাঠের লোকজন উদ্ধার করে নিজ নিজ বাড়িতে নেয়।

অপরদিকে দুপুর আড়াইটার সময় চকদৌলতপুর গ্রামের নিজ বাড়িতে